

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৫.১৯-৩৯

তারিখঃ ০২ মাঘ ১৪২৬ ব.  
১৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১২১১৬/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২১১৬/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২১১৬/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১২১১৬/২০১৯	জনাব মো: জসিম উদ্দিন ভূইয়া, নির্বাচিত শিক্ষক প্রতিিনিধি, গভর্নিং বডি, চন্দ্রগঞ্জ কারামতিয়া কামিল মাদ্রাসা, নোয়াখালী।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিএমই, রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন।	নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন চন্দ্রগঞ্জ কারামতিয়া কামিল মাদ্রাসা'র গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন্য গভর্নিং বডির সদস্যগণ কর্তৃক রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর ২০/০৮/২০১৯ তারিখে আবেদন করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় দাখিলকৃত আবেদনের (Annexure-D মূলে) আলোকে তাকে গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: জসিম উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১২১১৬/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ০৪/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার কর্তৃক ২০/০৮/২০১৯ তারিখে রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে ব্যর্থ হওয়া কেন বেআইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ০২/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে পিটিশনার কর্তৃক ২০/০৮/২০১৯ তারিখে রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর (Annexure-D মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং ৩ (রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়)-কে নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়।

০৩। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৪/১১/১৯ তারিখে প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক ২০/০৮/২০১৯ তারিখে রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর (Annexure-D মূলে) দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে পিটিশনার কর্তৃক ২০/০৮/২০১৯ তারিখে Annexure-D মূলে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করত: মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২১১৬/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৪/১১/২০১৯ তারিখে প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক ২০/০৮/২০১৯ তারিখে Annexure-D মূলে দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি না হয়ে থাকলে জরুরিভিত্তিতে আবেদনটি নিষ্পত্তি করত: মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্য আগামী ০৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

  
(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, পশ্চিম ধানমন্ডি মেইন রোড  
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।